ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৭৭
আগরতলা, ১৪ ডিসেম্বর, ২০২৪

**আগামী ২০-২১ ডিসেম্বর আগরতলায় উত্তর পূর্বাঞ্চল পর্ষদের ৭২তম প্লেনারি অধিবেশন**

আগামী ২০-২১ ডিসেম্বর আগরতলায় উত্তর পূর্বাঞ্চল পর্ষদের (এনইসি) ৭২তম প্লেনারি অধিবেশন অনুষ্ঠিত হবে। ২১ ডিসেম্বর আগরতলার প্রজ্ঞাভবনে এই প্লেনারি অধিবেশন অনুষ্ঠিত হবে। প্লেনারি অধিবেশনে সভাপতিত্ব করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা উত্তর পূর্বাঞ্চল পর্ষদের চেয়ারম্যান অমিত শাহ। এই অধিবেশনে উপস্থিত থাকবেন উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী তথা উত্তর পূর্বাঞ্চল পর্ষদের ভাইস চেয়ারম্যান জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া, উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার এবং উত্তর পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীগণ সহ উত্তর পূর্বাঞ্চল পর্ষদের ২ জন সদস্য। অধিবেশনের আগের দিন ২০ ডিসেম্বর হোটেল পোলো টাওয়ারে অনুষ্ঠিত হবে প্লেনারি অধিবেশনের প্রাক-কারিগরি অধিবেশন। এই অধিবেশনে সভাপতিত্ব করবেন উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার। তাছাড়াও প্রাক-কারিগরি অধিবেশনে উপস্থিত থাকবেন বিভিন্ন মন্ত্রকের সচিবগণ, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যসচিবগণ এবং পরিকল্পনা দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ।

*****